বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET)

কাদিরাবাদ সেনানিবাস, নাটোর।

নিয়োগ বিজ্ঞপ্তি

তারিখঃ ১৪ জুলাই ২০২৫

বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক পরিচালিত কাদিরাবাদ সেনানিবাস, নাটোর এ অবস্থিত বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET), কাদিরাবাদ এ বিভিন্ন বিভাগ/অফিসে নিম্নেবর্ণিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী চুক্তিভিত্তিক শিক্ষক ও কর্মকর্তা নিয়োগের লক্ষ্যে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রমঃ	পদের নাম	বিভাগ/বিষয়	শূন্য পদের সংখ্য	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১।	**অধ্যাপক** বেতন-ভাতাঃ মাসিক সর্বসাকুল্যে ১,৩৯,৫০০/- টাকা।	সিই	০১	পিএইচডি/সমমান ডিগ্রীসহ শিক্ষা জীবনে কমপক্ষে ২টি প্রথম শ্রেণী/বিভাগ/এ গ্রেড থাকতে হবে। তন্মধ্যে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রীর যে কোন একটিতে প্রথম বিভাগ/শ্রেণী/এ গ্রেড থাকতে হবে এবং বিশ্ববিদ্যালয় বা সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে ১২ বছরের অভিজ্ঞতা; তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসাবে ৫ বছরের অভিজ্ঞতা। কমপক্ষে ১৫টি প্রকাশনা যার মধ্যে ৭টি সহযোগী অধ্যাপক হিসাবে।
		ইইই	০১	
০২।	**প্রভাষক** বেতন-ভাতাঃ মাসিক সর্বসাকুল্যে ৪০,৫০০/- টাকা	সিই	০১	**টেকনিক্যালঃ** ক। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছরের স্নাতক/মাস্টার্স ডিগ্রী। খ। ন্যূনতম ৩টি প্রথম বিভাগ/শ্রেণী/এ গ্রেড থাকতে হবে (স্নাতক স্তরে সিজিপিএ ৩.৫ এর নিচে নহে)। গ। পিএইচডি ডিগ্রীধারীগণ অগ্রাধিকার পাবেন। **নন-টেকনিক্যালঃ** ক। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছরের স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রী/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী । খ। ন্যূনতম ৩টি প্রথম বিভাগ/শ্রেণী/এ গ্রেড থাকতে হবে (স্নাতক স্তরে সিজিপিএ ৩.৫ এর নিচে নহে)। গ। এমফিল বা পিএইচডি ডিগ্রীধারীগণ অগ্রাধিকার পাবেন।
		সিএসই	০৩	
		ইইই	০১	
		আইসিই	০২	
		এমই	০১	
	প্রভাষক বেতন-ভাতাঃ মাসিক সর্বসাকুল্যে ৩৬,০০০/- টাকা	ব্যবসায় প্রশাসন (একাউন্টিং)	০১	
		ইংরেজি	০১	
		আইন ও বিচার	০২	
		ইতিহাস	০১	
০৩।	**এস্টেট্ অফিসার** বেতন-ভাতাঃ মাসিক সর্বসাকুল্যে ৩৬,০০০/- টাকা	রেজিস্ট্রার অফিস	০১	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে যেকোনো বিষয়ে সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী।
০৪।	**সহকারী টেকনিক্যাল অফিসার** বেতন-ভাতাঃ মাসিক সর্বসাকুল্যে ২৫,২০০/- টাকা	সিই	০১	ক। যেকোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা ইন আর্কিটেকচার/ সমতুল্য বিষয়ে ডিপ্লোমা ডিগ্রিধারী হতে হবে। খ। সকল পরীক্ষায় ন্যূনতম জিপিএ-৩.০০ থাকতে হবে। গ। কম্পিউটার (এমএস ওয়ার্ড/এক্সেল/পাওয়ার পয়েন্ট) পরিচালনা এবং সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ০১ (এক) বছর ব্যবহারিক কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। ঘ। প্রফেশনাল অটোক্যাড ড্রয়িং এর অভিজ্ঞতা থাকতে হবে। ঙ। আর্কিটেকচারাল ড্রয়িং ও অ্যাস্টিমেটিং এ অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

File: একাডেমিক শিক্ষক ও কর্মকর্তা নিয়োগ ২০২৫ (Page 1)

দরখাস্তের নিয়মাবলীঃ

১। উপরোল্লিখিত পদের জন্য আগ্রহী প্রার্থীদের জীবন বৃত্তান্ত এবং এক কপি (শিক্ষকগণের ক্ষেত্রে সংযুক্ত আবেদন ফরম অনুযায়ী) আবেদনপত্র রেজিস্ট্রার, বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET), কাদিরাবাদ, দয়ারামপুর, নাটোর বরাবরে আগামী ২০ জুলাই ২০২৫ তারিখের মধ্যে ই-মেইল (registrar@bauet.ac.bd)/সরাসরি/ডাকযোগে পৌঁছাতে হবে। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

২। আবেদনপত্রের সাথে সকল সনদপত্রের ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও স্থানীয় ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক/চারিত্রিক সনদপত্র এবং তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি জমা দিতে হবে।

৩। পরীক্ষা সংক্রান্ত ফি বাবদ বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি **(BAUET), Qadirabad** এর অনুকূলে অধ্যাপক পদের জন্য ১০০০/- টাকা, প্রভাষক ও এস্টেট্ অফিসার পদের জন্য ৫০০/- এবং সহকারী টেকনিক্যাল অফিসার পদের জন্য ৩০০/- টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৪। উল্লেখিত পদে নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশের নাগরিক এবং সকল জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন।

৫। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬। পরীক্ষার তারিখ ও সময় BAUET ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশিত হবে। পরীক্ষায় অংশগ্রহণকারীদের কোন প্রকার যাতায়াত/দৈনিক ভাতা প্রদান করা হবেনা।

৭। পরীক্ষা/সাক্ষাৎকারের সময় প্রার্থীকে সকল সনদপত্র ও ট্রান্সক্রিপ্টের মূলকপি উপস্থাপন করতে হবে।

৮। পদসংখ্যা কম/বেশি হতে পারে।

৯। যে কোন দরখাস্ত বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ সংক্রান্ত অন্য যেকোন প্রসঙ্গে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। অন্যান্য তথ্যের জন্য BAUET এর ওয়েবসাইট www.bauet.ac.bd তে অনুসন্ধান করা যেতে পারে।

রেজিস্ট্রার
BAUET, কাদিরাবাদ

বিতরণঃ

BAUET ওয়েবসাইট/সকল নোটিশ বোর্ড

অবগতিঃ
মাননীয় উপাচার্য (সদয় অবগতির জন্য)

ট্রেজারার